

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

দ্বাদশ শ্রেণি

নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

১. ‘আসল বাদাটার খোঁজ করা হয় না আর উচ্চবের।’—উচ্চব কে? সে কোন্ বাদার খোঁজ করতে চেয়েছিল? কেন তার পক্ষে সেই বাদাটির খোঁজ করা হয়ে উঠল না?
২. ‘ভোর’ শব্দটি ‘শিকার’ কবিতায় কোন্ কোন্ ব্যঙ্গনায় উপস্থাপিত হয়েছে তা বিশ্লেষণ করো।
৩. ‘বুদ্ধিটা কী করে এল তা বলি।’—বুদ্ধিটি কী? কীভাবে তা বস্তার মাথায় এসেছিল?

অথবা

‘নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প।’—এই পবিত্রতার নামাবলিটা কীভাবে রজনীকান্ত চট্টোপাধ্যায়ের সামনে ফাঁস হয়ে গিয়েছিল?

৪. ‘কত সব খবর!
কত সব প্রশ্ন! ’
—‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতায় কীভাবে সেইসব ‘খবর’ আর ‘প্রশ্ন’ উচ্চারিত হয়েছে?
৫. ‘চোখের জলটা তাদের জন্য।’—কার চোখে জল? কাদের জন্য, কেন তার চোখে জল এসেছে?
৬. ‘গারো পাহাড়ের নীচে’ গদ্যাংশ অনুসরণে ‘হাতিবেগার’ আইনের বিবরণ দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।